

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ নারীদের স্বপ্নদোষ হলে গোসল করা ওয়াজিব

ذِكْنُ إِيجَابِ الْإغْتِسَالِ عَلَى الْمُحْتَلِمِ مِنَ النِّسَاءِ

## আরবী

1163 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: حَدَّثِنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ عَنْ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ أَنْسِ بْنِ مَالِكُ قَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا عَلَيْهِ وَسَلَّمَ أَنَ أُمَّ سُلَيْمٍ الْأَنْصَارِيَّةَ وَهِيَ أُمُّ أَنَسِ بْنِ مَالِكُ قَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ هَلْ عَلَى الْمَرْأَةِ مِنْ غُسُل إِذَا رَأَتِ الْمَاءَ فِي النَّوْمِ مَا يَرَى الرَّجُلُ يَسْتَحْيِي مِنَ الْحَقِّ هَلْ عَلَى الْمَرْأَةِ مِنْ غُسُل إِذَا رَأَتِ الْمَاءَ فِي النَّوْمِ مَا يَرَى الرَّجُلُ الْمَرْأَةُ وَعَلَى الْمَرْأَةِ مِنْ غُسُل إِذَا رَأَتِ الْمَاءَ فِي النَّوْمِ مَا يَرَى الرَّجُلُ الْمَرْأَةُ وَعَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَغْتَسِلُ أَمْ لَا؟ فَقَالَتْ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَغْتَسِلُ أَمْرُ أَقُهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: (تَربَتْ يمينك فَمِنْ أين يكون الشَّبَهُ؟) مَلْكُ الرَّوي : عُرُوةُ بْنُ الزَّبَيْرِ عَنْ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المحدث : العلامة الراوي : عُرُوةُ بْنُ الزَّبَيْرِ عَنْ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1163 اخلاصة حكم المحدث:. صحيح.

## বাংলা

১১৬৩. আনাস রাদ্বিয়াল্লাহু আনহুর মা উম্মু সুলাইম রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ হক কথা বলতে লজ্জাবোধ করেন না। যখন কোন নারী স্বপ্নে দেখে যেভাবে পুরুষরা দেখে থাকে (স্বপ্নদোষ হয়), তখন সে গোসল করবে কিনা?" জবাবে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "(হাাঁ,) গোসল করবে।"

তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী বলেন, "আপনার জন্য আফসোস! নারীরা এরকম দেখে কি?" তিনি বলেন, "তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কাছে আগমন করেন এবং বলেন, "তোমরা ডান হাত ধুলোয় ধুসরিত হোক, (যদি মেয়েদের বীর্যপাত না-ই হয়) তবে সন্তানের (মায়ের সাথে) সাদৃশ্যতা আসে কোথায় থেকে?"[1]



## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩১৪; আবূ দাউদ: ২৩৭; নাসাঈ: ১/১১২; দারেমী: ১/১৯৫; সুনান বাইহাকী: ১/১৬৮; মুসনাদ আহমাদ: ৬/৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন